গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
এনজিও বিষয়ক শাখা,
www.lalmonirhat.gov.bd

**বিষয়: জুলাই, ২০২৬ মাসে অনুষ্ঠিত এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভায় কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | মুহঃ রাশেদুল হক প্রধান<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ২১ জুলাই, ২০২৬ খ্রি. |
| সভার সময় | সকাল: ১১:০০ টা |
| স্থান | জেলা প্রশাসক, লালমনিরহাট মহোদয়ের সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো। |

| ক্রঃ নঃ | এনজিও | কার্যক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি, লালমনিরহাট | **অগ্রযাত্রা প্রকল্প:**<br>**ক) প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়ন (Training & Capacity Building):**<br>**প্রাণিস্বাস্থ্য সহায়কদের প্রশিক্ষণ:** প্রাণিসম্পদ সুরক্ষার মাধ্যমে আয় বৃদ্ধির লক্ষ্যে হাঁস-মুরগি ও ছাগলকে নিয়মিত ভ্যাকসিন প্রদানে পারদর্শী করে গড়ে তোলার জন্য প্রতি ইউনিয়ন হতে ২ জন করে ৪টি ইউনিয়নের মোট ৮ জন প্রাণিস্বাস্থ্য সহায়ককে ৩ দিন ব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হয়।<br>**খ) উৎপাদনশীল সম্পদ বিতরণ:** লালমনিরহাট সদর উপজেলায় ১০০ জন ও আদিতমারী উপজেলায় ১০০ জনসহ মোট ২০০ জন সদস্যকে মোট ৬৬৫ টি মুরগি ও ১১৩ জন সদস্যকে ১১৩ টি ছাগল দেওয়া হয়েছে। বিতরণকৃত সম্পদের মোট মূল্য ৫,১৩,০০০/- (পাঁচ লক্ষ তেরো হাজার) টাকা।<br><br>**প্রায়োরিটি প্রকল্প:**<br><br>**১). প্রাক-বিদ্যালয়ের শিক্ষকদের জন্য শিক্ষামূলক উপকরণ ক্রয়:** গত জুন মাসে বিদ্যালয়ে গুণগত শিক্ষা প্রদানের জন্য শ্রেণিতে ব্যবহারের জন্য শিক্ষকদের বিভিন্ন ধরণের শিক্ষা উপকরণ বিতরণ করা হয়েছে। যেমন- ডায়েরি, কলম, ফাইল, রেজিস্টার খাতা, কাগজ, দেওয়াল ঘড়ি, পোস্টার পেপার ইত্যাদি।<br><br>**২). মান্থলি প্রজেক্ট টিম কো-অর্ডিনেশন এন্ড ম্যানেজমেন্ট মিটিং:** গত ২৯ জুন, ২০২৬ তারিখ প্রায়োরিটি প্রকল্প অফিস, লালমনিরহাট এ মান্থলি প্রজেক্ট টিম কো-অর্ডিনেশন এন্ড ম্যানেজমেন্ট মিটিং অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে ০৩ জন ইও এবং ফিন্যান্স এন্ড এডমিন অফিসার অংশগ্রহণ করেন। | ক) প্রাণিস্বাস্থ্য বিষয়ে প্রশিক্ষণ গ্রহণকারী ০৪ (চার)টি ইউনিয়নের ০৮ (আট) জন মাঠপর্যায়ের প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণলব্ধ জ্ঞানের বাস্তব প্রয়োগ যাচাইয়ের জন্য ফলোআপ কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) ২০০ জন সদস্যের মাঝে বিতরণকৃত ৬৬৫টি মুরগি এবং ১১৩ জন সদস্যের মাঝে বিতরণকৃত ১১৩টি ছাগলের বর্তমান অবস্থা, যথাযথ ব্যবহার ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত তদারকি কার্যক্রম পরিচালনা করে প্রতিবেদন দাখিলের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) গুণগত শিক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে বিদ্যালয়ে সরবরাহকৃত | প্রজেক্ট ম্যানেজার মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি, লালমনিরহাট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | শিক্ষা উপকরণের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ এবং শিক্ষক ও শিক্ষার্থীদের জন্য অনুকূল ও উন্নত শিক্ষার পরিবেশ সৃষ্টিতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঘ) অনুষ্ঠিত মাসিক প্রজেক্ট টিম কো-অর্ডিনেশন অ্যান্ড ম্যানেজমেন্ট সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও কার্যপ্রণালীর প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপনের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| (২ | নতুন জীবন রচি (নজীর), লালমনিরহাট | **ক). প্রতিবন্ধী সেবা কার্যক্রম:**<br>জুন ২০২৬ মাসে এই কার্যক্রমের আওতায় ১০ জন মৃগী রোগীকে নিউরো মেডিসিন ডাক্তারের প্রেসক্রিপশন অনুযায়ী প্রয়োজনীয় ওষুধ বিতরণ করা হয়েছে। এছাড়া প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের ফিজিও থেরাপিস্ট এবং সংস্থার রিসোর্স পার্সনের মাধ্যমে ২৮ জন প্রতিবন্ধী শিশুকে ডাক্তারের পরামর্শ অনুযায়ী মাসে ৪ সপ্তাহ নিয়মিত থেরাপি সেবা প্রদান করা হয়।<br><br>**খ). শিক্ষা কর্মসূচী (প্রি-প্রাইমারী স্কুল) :**<br>লালমনিরহাট সদর উপজেলার খুনিয়াগাছ ও রাজপুর ইউনিয়নে এই শিক্ষামূলক কার্যক্রমটি পরিচালিত হচ্ছে। এর অধীনে এলাকার স্কুলে যায় না এমন ৩০০ জন সুবিধাবঞ্চিত শিশুকে শিক্ষার আওতায় আনা হয়েছে। জুন মাসে মোট ১০টি প্রি-প্রাইমারী স্কুলের মাধ্যমে এই শিশুদের নিয়মিত শিক্ষাদান কার্যক্রম সফলভাবে পরিচালনা করা হয়।<br><br>**গ). রেইজ (RAISE) প্রকল্প:**<br>এই প্রকল্পের আওতায় জুন/২০২৬ মাসে (পুরুষ ১৮৫ জন, মহিলা ১০২ জন) শিক্ষানবিশের প্রশিক্ষণ শেষে চূড়ান্ত মূল্যায়ন সম্পন্নসহ ২৮৭ জন শিক্ষানবিশ ও ১৪৬ জন ওস্তাদকে প্রশিক্ষণ শেষে তাদের প্রাপ্ত স্টাইপেন প্রদান করা হয়েছে। এছাড়াও জুন/২০২৬ মাসে ২৩০ জন শিক্ষানবিশ প্রশিক্ষণ শেষে মজুরী ভিত্তিক কর্মের সাথে সম্পৃক্ত হয়েছেন।<br><br>**ঘ). বিডি রুরাল ওয়াশ প্রকল্প:**<br>গ্রামীণ স্যানিটেশন ব্যবস্থার উন্নয়নে বিডি রুরাল ওয়াশ | ক) মৃগী রোগী ও প্রতিবন্ধী শিশুদের থেরাপি সেবা ও ওষুধ বিতরণ কার্যক্রমের সার্বিক অগ্রগতি, সেবার মানোন্নয়ন এবং বাস্তবায়ন পরিস্থিতি সম্পর্কিত প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপনের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) লালমনিরহাট সদর উপজেলার ০২টি ইউনিয়নের ১০টি প্রি-প্রাইমারি বিদ্যালয়ে অধ্যয়নরত ৩০০ জন সুবিধাবঞ্চিত শিশুর শিক্ষার অগ্রগতি ও উপস্থিতি সম্পর্কিত প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপনের | নির্বাহী পরিচালক নতুন জীবন রুচি (নজীর) লালমনিরহাট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রকল্পের আওতায় জুন মাসে ৮০ জন সদস্যের পরিবারকে ঋণের মাধ্যমে ৮০ টি নিরাপদ টয়লেট নির্মাণ করে দেওয়া হয়েছে। সদস্যরা নিজ উদ্যোগে বাড়িতে এই নিরাপদ টয়লেট নির্মাণ করায় তাদের উৎসাহ দিতে সংস্থার পক্ষ থেকে প্রত্যেককে ৩,০০০ টাকা করে মোট ২,৪০,০০০ টাকা অনুদান হিসেবে প্রদান করা হয়েছে।<br><br>**ঙ). শিক্ষাবৃত্তি প্রদান:**<br>সংস্থার সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে সাপটানা এলাকার একজন দরিদ্র ও মেধাবী উচ্চশিক্ষা স্তরের ছাত্রীকে নিয়মিত আর্থিক সহায়তা দেওয়া হচ্ছে। ঢাকার বারডেম নার্সিং কলেজের দ্বিতীয় বর্ষের এই ছাত্রীকে (এস এম মেহজাবীন নাহার মুশী) তার পড়াশোনা চালিয়ে নেওয়ার সুবিধার্থে প্রতি মাসে ২,০০০ টাকা করে ১ বছরের জন্য এই শিক্ষাবৃত্তি প্রদান করা হচ্ছে। | জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) মজুরি ভিত্তিক বিভিন্ন কর্মে নিয়োজিত ২৩০ জন কর্মী এবং শিক্ষানবিশ হিসেবে প্রশিক্ষণরত ২৮৭ জন শিক্ষার্থীর প্রশিক্ষণের অগ্রগতি প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপনের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঘ) অনুদান প্রাপ্তির পর নির্মিত ৮০টি নিরাপদ টয়লেট বাস্তবে শতভাগ ব্যবহার উপযোগী এবং স্বাস্থ্যসম্মত উপায়ে ব্যবহৃত হচ্ছে কিনা, তা যাচাই করে পরবর্তী সভায় প্রতিবেদন উপস্থাপনের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| (৩) | আরডিআরএস, লালমনিরহাট | **ক). জননী প্রকল্প (মা ও নবজাতক স্বাস্থ্যসেবা) :**<br>মা ও নবজাতক শিশুর স্বাস্থ্যের মানোন্নয়ন এবং প্রাতিষ্ঠানিক প্রসব বৃদ্ধির লক্ষ্যে এই প্রকল্পের আওতায় জুন মাসে ব্যাপক কার্যক্রম পরিচালিত হয়েছে চলতি মাসে ইউনিয়ন পর্যায়ের স্বাস্থ্যসেবা কেন্দ্রে ২৭৪ টি নিরাপদ প্রসব সেবা এবং ৭৩৯৬ টি প্রসব পূর্ববর্তী ও প্রসব পরবর্তী সেবা প্রদান করা হয়েছে। এছাড়া মাঠপর্যায়ে ১১৮ টি স্যাটেলাইট ক্লিনিক ও ১৩২ টি উঠান বৈঠক আয়োজনের পাশাপাশি সচেতনতা বৃদ্ধিতে ৩৮ টি ভিডিও শো, ২টি বউ-শ্বাশুড়ী মেলা, ২৮ টি থিয়েটার শো এবং বিভিন্ন পর্যায়ে ২ টি অ্যাডভোকেসি মিটিং সম্পন্ন হয়েছে।<br><br>**খ). আরডিআরএস আই কেয়ার সেন্টার (চক্ষুসেবা কার্যক্রম) :**<br>লালমনিরহাট জেলায় সাধারণ মানুষের চোখের চিকিৎসাসেবা নিশ্চিত করতে এই কর্মসূচির আওতায় জুন মাসে নিবিড় কার্যক্রম চালানো হয়েছে। মাসটিতে মোট | ক) ইউনিয়ন পর্যায়ে স্বাস্থ্যসেবা কেন্দ্রসমূহে প্রসব-পূর্ববর্তী ও প্রসব-পরবর্তী সেবা কার্যক্রম আরও বেগবান করার লক্ষ্যে মাঠপর্যায়ে বিশেষ ক্যাম্পেইন পরিচালনা এবং পূর্বের ন্যায় সামাজিক সংস্কার ও জনসচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক | জেলা সমন্বয়কারী আরডিআরএস লালমনিরহাট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ২৬০৯ জন চক্ষু রোগীকে প্রয়োজনীয় চক্ষু স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে। এর পাশাপাশি, দৃষ্টিত্রুটি ও জটিলতা দূরীকরণে ৪টি বিশেষ চক্ষু শিবিরের আয়োজন করা হয়েছে এবং মোট ৭৪ জন দৃষ্টিহীন ও জটিল চক্ষু রোগীর চোখের অপারেশন সফলভাবে সম্পন্ন করা হয়েছে।<br><br>**গ). ক্লাইমেট রেজিলিয়েন্স অ্যান্ড নিউট্রিশনাল গ্রোথ প্রকল্প:**<br>রংপুর বিভাগে দারিদ্র্য বিমোচন, জলবায়ু সহনশীলতা বৃদ্ধি এবং পুষ্টির মানোন্নয়নের লক্ষ্যে এই প্রকল্পটি পরিচালিত হচ্ছে। জুন মাসে এই প্রকল্পের আওতায় লালমনিরহাট সদর উপজেলায় ১টি জেলা মাসিক সমন্বয় মিটিং অনুষ্ঠিত হয়েছে, যেখানে ৩৬ জন পুরুষ ও ১০ জন নারীসহ মোট ৩৬ জন সদস্য উপস্থিত ছিলেন। এর পাশাপাশি, ০২ টি হেলথ ক্যাম্প আয়োজন করা হয়েছে। যেখানে ১০১ জন মহিলা ও ১১১ জন পুরুষ উপস্থিত ছিলেন।<br>**ঘ). মোমেন্টাম কান্ট্রি অ্যান্ড গ্লোবাল লিডারশিপ (MCGL) প্রকল্প:**<br>লালমনিরহাট সদর উপজেলায় জনস্বাস্থ্য সুরক্ষায় সংক্রামক রোগ প্রতিরোধ ও সচেতনতা বৃদ্ধিতে এই প্রকল্পের অধীনে বিভিন্ন স্বাস্থ্য শিক্ষা সেশন পরিচালিত হয়েছে। আদিতমারী উপজেলায় জুন মাসে নিপাহ ভাইরাস ও হামের ওপর মোট ৩৫ জন এবং হামের ওপর আলাদাভাবে আরও ৩২ জন রোগীকে স্বাস্থ্য শিক্ষা প্রদান করা হয়েছে। এছাড়া, নিপাহ প্রাদুর্ভাবের ওপর পাটগ্রাম উপজেলায় ১৩ জনকে স্বাস্থ্য শিক্ষা দেওয়ার পাশাপাশি জরুরি প্রতিক্রিয়া দলের পুনরুজ্জীবন ও সংস্কারের লক্ষ্যে ১৬ জনের অংশগ্রহণে সভা পরিচালনায় প্রয়োজনীয় সহায়তা প্রদান করা হয়েছে। | উদ্যোগ গ্রহণের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>খ) চক্ষু চিকিৎসা সেবা প্রদান অব্যাহত রাখতে হবে। | |
| ০৪ | ব্র্যাক, লালমনিরহাট | **ক) ব্র্যাক শিক্ষা কর্মসূচি:**<br>এই কর্মসূচির আওতায় ব্র্যাক পরিচালিত ৯০টি প্রাথমিক স্কুলে ২,৪৯৯ জন শিক্ষার্থী এবং ব্র্যাক প্রাক-প্রাথমিক ৩৬টি স্কুলে ৯০০ জন শিক্ষার্থী অধ্যয়নরত রয়েছে। মোট অভিভাবক সমাবেশ হয়েছে ১২৮ টি।<br><br>খ) **এইচএনপিপি'স এসপিএ সাপোর্টেড প্রজেক্ট (রুরাল এন্ড আরবান):**<br>গর্ভবতী মহিলা চিহ্নিত করা হয়েছে ৭৪১ জন এবং ডেলিভারির জন্য রেফার করা হয়েছে ৬৩৬ জন। নরমাল ডেলিভারিতে উৎসাহ প্রদান করা হচ্ছে।<br><br>**গ) রিডিং গ্লাসেস ফর ইমপ্রুভড লাইভলিহুডস:**<br>এই কর্মসূচির আওতায় ৫১ জন রোগীর মাঝে চশমা প্রদান | ক) বিদ্যালয়সমূহে শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতির হার নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে। এসাথে অভিভাবক সমাবেশের একটি প্রতিবেদন পরবর্তী সভায় দাখিল করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা সমন্বয়কারী ব্র্যাক, লালমনিরহাট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | করা হয়েছে ও ডাক্তারের নিকট রেফার্ড করা হয়েছে ২৯ জন।<br><br>**ঘ) আল্ট্রা পিওর গ্রাজুয়েশন কর্মসূচি:**<br>ব্র্যাক লালমনিরহাট হতে ২০২৬ সালে লক্ষ্যমাত্রা ১৫০০ জন নির্ধারণ করা হয়েছে। সদস্য নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করে প্রশিক্ষণের মাধ্যমে জুন/২০২৬ মাসে ৬৯৮ জনের মধ্যে সম্পদ বিতরণ করা হয়েছে। এ পর্যন্ত ১৬৯৮ জন মধ্যে সম্পদ বিতরণ করা হয়েছে। ২০২৫ সালে বিতরণকৃত সদস্যগণকে খানা পরিদর্শনের মাধ্যমে ফলোআপ করা হচ্ছে।<br><br>**ঙ) আনলকিং ফাইন্যান্সিয়াল সল্যুশনস ফর ইয়ুথ এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট:**<br>দক্ষতা উন্নয়নের জন্য ০৩ ব্যাচ ১৫০ জন্য ব্যবস্থাপনা প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ সংশ্লিষ্ট সরকারি দপ্তরের সাথে সমন্বয় করা হচ্ছে।<br><br>চ) জেন্ডার জাস্টিস এন্ড ডাইভারসিটি কর্মসূচি:<br>ব্র্যাকের কর্মসূচির মধ্যে ডেন্ডারকে মূল ধারায় নিয়ে আসার জন্য ০৪টি সভা করা হয়। নারী কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা বৃদ্ধিকরণের বিষয়ে প্রাধান্য দেয়া হয়েছে।<br><br>**ছ) সামাজিক ক্ষমতায়ন ও আইনি সুরক্ষা:**<br>বাল্যবিবাহ প্রতিরোধে সভা করা হয়েছে ৪৬টি। আইনি সহায়তার জন্য অভিযোগ গ্রহণ ৩৬টি, এডিআর করা হয়েছে ২৮৫টি এবং মামলা দায়ের করা হয়েছে ০২টি।<br><br>**জ) যক্ষা নিয়ন্ত্রণ কর্মসূচি:**<br>মোট কফ পরীক্ষা করা হয়েছে ১৫৩৮ জন ব্যক্তির। রোগী সনাক্ত ১৭৯ জন। যার মধ্যে ১০ জন শিশু। এ পর্যন্ত মোট রোগী শনাক্ত ৮৭৬ জন, যার মধ্যে শিশু ২৮ জন। | খ) স্বাস্থ্যসেবা কার্যক্রম আরও জোরদার করা এবং গর্ভবতী নারী ও যক্ষা রোগীদের নিয়মিত চিকিৎসা ও তদারকি নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় সমন্বয় বজায় রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>গ) ১,০০০ জনের মাঝে বিতরণকৃত সম্পদের বর্তমান অবস্থা এবং জুলাই/২০২৬ মাসের মধ্যে অবশিষ্ট ৫০০ জনের মাঝে সম্পদ বিতরণের সুনির্দিস্ট কর্মপরিকল্পনা পরবর্তী সভায় উপস্থাপনের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>ঘ) প্রশিক্ষণ প্রদানকৃত ১৫০ জন যুবকের মধ্যে কতজনকে সরকারি দপ্তরের সাথে সমন্বয় করা হয়েছে তার অগ্রগতি প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>ঙ) সামাজিক নিরাপত্তার সঙ্গে সাংঘর্ষিক অপরাধগুলোকে গ্রাম আদালতের মাধ্যমে নিষ্পত্তি করার চেষ্টা রাখতে হবে। | |

গ). ক্লাইমেট রেজিলিয়েন্স অ্যান্ড নিউট্রিশনাল গ্রোথ প্রকল্প:

| | | | | |
|---|---|---|---|---|
| (৫) | সুইসকন্ট্যাক্ট, লালমনিরহাট | **আস্থা প্রকল্প:**<br>ফিল্ড অপারেসন্স, সুইসকন্ট্যাক্ট,বাংলাদেশ, সভায় জানান যে, তৃণমূল পর্যায়ে মানসম্মত স্বাস্থ্যসেবা প্রদানে সহায়তার জন্য এ জেলার পাটগ্রাম উপজেলার কাউমারী এলাকার ০১ জন কমিউনিটি প্যারামেডিককে মেডিকেল কিটবক্স প্রদান করা হয়েছে। | সেবার ধারাবাহিকতা বজায় রাখা এবং গ্রামীণ জনগোষ্ঠীর দোরগোড়ায় স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে ভবিষ্যতে এ ধরনের সহযোগিতা কার্যক্রম আরও সম্প্রসারণ করতে হবে। | সিনিয়র অফিসার,ফিল্ড অপারেসন্স, সুইসকন্ট্যাক্ট, লালমনিরহাট |
| (৬) | কিন্ডারহিল্পস্ওয়্যাক, লালমনিরহাট | **ক). চাইল্ড স্পন্সরশীপ এন্ড এডুকেশন প্রকল্প:**<br>জুন ২০২৬ মাসে মিশন রোডস্থ এই সংস্থার অধীনে "চাইল্ড স্পন্সরশীপ এন্ড এডুকেশন প্রকল্প"-এর আওতাধীন কার্যক্রম লালমনিরহাট সদর উপজেলায় বাস্তবায়িত হয়েছে। কর্মসূচির আওতায় মোট ২৭৫ জন শিক্ষার্থীকে সেবার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হলেও মাস শেষে ২১৪ জন শিক্ষার্থীকে ওরিয়েন্টেশনের মাধ্যমে প্রকল্পের অন্তর্ভুক্ত করা সম্ভব হয়েছে। এই কার্যক্রমের জন্য সম্পূর্ণ বাজেট ছিল ৯০,০০,০০০/- (নব্বই লক্ষ) টাকা মাত্র। তবে দাতা সংস্থা কর্তৃক পর্যাপ্ত তহবিল বরাদ্দ না পাওয়ায় লক্ষ্যমাত্রা অনুযায়ী অবশিষ্ট ৬১ জন ছাত্র-ছাত্রীকে এই মাসে প্রকল্পের আওতায় আনা সম্ভব হয়নি; যা আগামীতে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে অর্জনের প্রচেষ্টা অব্যাহত থাকবে। | অবশিষ্ট ৬১ জন শিক্ষার্থীকে সেবার আওতায় আনার লক্ষ্যে দাতা সংস্থার সাথে যোগাযোগ বা বিকল্প তহবিল সংগ্রহের চেষ্টা করতে হবে। | নির্বাহী পরিচালক কিন্ডারহিল্পস্ওয়্যাক লালমনিরহাট |

| | | | | |
|---|---|---|---|---|
| (৭) | এসএনভি, নেদারল্যান্ডস ডেভলপমেন্ট অর্গানাইজেশন, লালমনিরহাট | **ক). বর্জ্য ব্যবস্থাপনা ও জনসচেতনতা বৃদ্ধি:**<br>লালমনিরহাট পৌরসভার ৯টি ওয়ার্ডের সর্বমোট ৬৭,১৩১ জন পৌরবাসীর কল্যাণার্থে এই কার্যক্রমটি পরিচালিত হচ্ছে। জুন মাসে বর্জ্য ব্যবস্থাপনা কাজে ব্যাপক জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে একটি বিশেষ কৌশলপত্র ও পরিকল্পনা তৈরি বিষয়ক কর্মশালার আয়োজন করা হয়। বর্তমানে বর্জ্য ব্যবস্থাপনা খাতে শহরভিত্তিক সচেতনতা বাড়াতে প্রয়োজনীয় কৌশলপত্র তৈরির মূল কাজগুলো মাঠপর্যায়ে চলমান রয়েছে।<br>**খ). পয়ঃবর্জ্য শোধন ও নিষ্কাশন সেবা:**<br>পৌর এলাকার পরিবেশ ও জনস্বাস্থ্য সুরক্ষায় এই কর্মসূচির আওতায় জুন মাসে সরাসরি বর্জ্য অপসারণ সেবা প্রদান করা হয়েছে। মাসের প্রতিবেদন অনুযায়ী, পৌর এলাকার মোট ০৫ জন গ্রাহকের ০৫টি সেপটিক ট্যাংকের বর্জ্য সম্পূর্ণ নিরাপদ উপায়ে অপসারণ করা হয়। এর মাধ্যমে সর্বমোট ২২ ঘনমিটার পয়ঃবর্জ্য সংগ্রহ করে তা প্ল্যান্টে সফলভাবে সংশোধন ও প্রক্রিয়াজাত করা হয়েছে।<br>**গ). শোধনাগার সংস্কার ও স্যানিটেশন কর্মীদের দক্ষতা উন্নয়ন:**<br>পৌরসভার সার্বিক পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম আরও বেগবান ও কার্যকর করার লক্ষ্যে জুন মাসে শোধনাগারের প্রয়োজনীয় সংস্কার কাজ সম্পন্ন করা হয়েছে। এর পাশাপাশি, মাঠপর্যায়ে নিয়োজিত স্যানিটেশন কর্মীদের পেশাগত স্বাস্থ্যঝুঁকি হ্রাস ও কর্মক্ষেত্রে সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিত করার ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। এরই অংশ হিসেবে এই মাসে স্যানিটেশন কর্মীদের জন্য একটি নিবিড় সুরক্ষা বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করা হয়। | ক) লালমনিরহাট পৌরসভার পরিচ্ছন্নতা বজায় রাখতে এবং বর্জ্য ব্যবস্থাপনায় শহরভিত্তিক জনসচেতনতা নিশ্চিতকরণে চলমান কৌশলপত্র চূড়ান্তকরণ ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>খ) পরিবেশবান্ধব উপায়ে পয়ঃবর্জ্য অপসারণ ও প্রক্রিয়াজাতকরণ সেবা অব্যাহত রাখা এবং পৌরবাসীকে এই সেবা গ্রহণে উৎসাহিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>গ) শোধনাগারের নিয়মিত রক্ষণাবেক্ষণ নিশ্চিতকরণ এবং মাঠপর্যায়ের স্যানিটেশন কর্মীদের প্রয়োজনীয় সুরক্ষাসামগ্রী ব্যবহার ও নিয়মিত স্বাস্থ্য নিরাপত্তা মনিটরিং করত হবে। | ক্লাস্টার কো-অর্ডিনেটর এসএনভি, লালমনিরহাট |
| (৮) | ইএসডিও, লালমনিরহাট | **ক). বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ প্রকল্প-৩:**<br>জুন মাসে ইউনিয়ন পর্যায়ে সাধারণ মানুষের সচেতনতা বাড়াতে মোট ২০ টি তথ্যচিত্র বা ভিডিও শো প্রদর্শনীর আয়োজন করা হয়। এছাড়া প্রাতিষ্ঠানিক কাজের গুণগত মান বজায় রাখতে উপজেলা পর্যায়ে ০৭ গ্রাম আদালত বিষয়ক ক্যাম্পেইন এবং র‌্যালি আয়োজন করা হয়েছে।<br><br>**খ). স্কুল ফিডিং প্রকল্প:**<br>লালমনিরহাট জেলার পাটগ্রাম ও কালীগঞ্জ উপজেলার প্রাথমিক বিদ্যালয়গুলোতে শিক্ষার্থীদের পুষ্টি ও উপস্থিতি নিশ্চিত করতে এই প্রকল্পটির কার্যক্রম পরিচালিত হচ্ছে। জুন ২০২৬ মাসে মোট ২১ দিন ধরে এই দুই উপজেলার | ক) প্রান্তিক জনগণের আইনি সচেতনতা ও বিচারিক প্রবেশাধিকার বাড়াতে গ্রাম আদালতের প্রচারমূলক কার্যক্রম অব্যাহত রাখা এবং উপজেলা পর্যায়ের | নির্বাহী পরিচালক, ইএসডিও, লালমনিরহাট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৪২,৬২৭ জন ছাত্র-ছাত্রীর মাঝে পুষ্টিকর খাবার বিতরণ করা হয়েছে। এই বিতরণ কার্যক্রমে শিক্ষার্থীদের মাঝে নিয়মিত বনরুটি, সিদ্ধ ডিম ও কলা সরবরাহ করা হয়।<br><br>**গ). হিলদি ভিলেজ ইন আরবান প্রোগ্রাম প্রকল্প:**<br>সমৃদ্ধি কর্মসূচির আওতায় জুন মাসে প্রান্তিক মানুষের দোরগোড়ায় স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে লালমনিরহাট সদর উপজেলার মোগলহাট ইউনিয়নের খারুয়ার চরে ০১ টি হেলফ ক্যাম্পের আয়োজন করা হয়। যেখানে ৩২ জন শিশুকে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে।<br><br>**ঘ). টিটিসিএইচডি (কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণ):**<br>তরুণদের কর্মসংস্থান ও কারিগরি দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন যুগোপযোগী ট্রেডে নিবিড় প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। বর্তমানে এই কর্মসূচির অধীনে প্লাম্বিং এন্ড পাইপ ফিটিংস ট্রেডে ২৪ জন, ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ট্রেডে ২৫ জন, অটো মেকানিক্স ট্রেডে ২৫ জন ও সুইং ট্রেডে ৬৯ জন প্রশিক্ষণার্থীর ব্যবহারিক ও তাত্ত্বিক প্রশিক্ষণ চলমান রয়েছে। | সচেতনতামূলক ক্যাম্পেইনসমূহ নিয়মিত তদারকির সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>খ) প্রাথমিক শিক্ষায় ঝরে পড়া রোধ ও শিক্ষার্থীদের পুষ্টিমান নিশ্চিত করতে পুষ্টিকর খাবার বিতরণের মান রক্ষা করে এবং নিয়মিত তদারকির মাধ্যমে এই খাদ্য বিতরণ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>গ) লালমনিরহাট জেলার চরাঞ্চল ও দুর্গম এলাকার শিশুদের স্বাস্থ্যের মান উন্নয়নে এ ধরনের বিনামূল্যে চিকিৎসা ও হেলথ ক্যাম্প পরিচালনা কার্যক্রম নিয়মিত বজায় রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>ঘ) প্রশিক্ষণার্থীদের গুণগত মান নিশ্চিতকরণে প্রশিক্ষণ সেন্টারগুলোর ল্যাব সরঞ্জামের সঠিক ব্যবহার এবং প্রশিক্ষণ শেষে তরুণদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| | | | | |
|---|---|---|---|---|
| (৯) | আশা, লালমনিরহাট | **ক). ঋণ প্রদান ও সঞ্চয় কর্মসূচী:**<br>লালমনিরহাট জেলায় জুন/২০২৬ মাসে ৬২৪০ জন সদস্যের মাঝে ৩৮ কোটি টাকা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এ লক্ষ্য অর্জনে ৬৯৬৭ জন সদস্যকে ৪৫ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>**খ). স্বাস্থ্য ও পরিবার করিকল্পনা কর্মসূচী:**<br>আশা-লালমনিরহাট জেলার আওতাধীন লালমনিরহাট সদর, আদিতমারী ও কালীগঞ্জ উপজেলার ০৯ টি ইউনিয়নে স্বাস্থ্য সেবিকা দ্বারা গরিব ও দুস্থ রোগীদের তালিকা তৈরি করে প্রায় ৩৭০ টি পরিবারের মধ্যে ৬৭০ জন গরিব ও দুস্থ রোগীদের স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে।<br>**গ). প্রাথমিক শিক্ষা শক্তিশালীকরণ কর্মসূচী:**<br>আশার নিজস্ব অর্থায়নে সুবিধা বঞ্চিত ও অবহেলিত শিশুদের স্কুলগামী করার লক্ষ্যে ২০১১ সাল থেকে বিভিন্ন মেয়াদে ১ম থেকে ৮ম শ্রেণী পর্যন্ত শিক্ষা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। লালমনিরহাট জেলার বড়বাড়ী, মহিষখোচা, কাকিনা ও দইখাওয়া সহ বিভিন্ন ব্রাঞ্চের কর্ম এলাকায় সুবিধা বঞ্চিত দরিদ্র শিশুদের নিয়ে মোট ১৫টি কেন্দ্রে ৯৫৩২ জন শিক্ষার্থীর শিক্ষা কার্যক্রম চালু রয়েছে। এর মধ্যে চাকলা, মারাইহাট, দুর্গাপুর, বড়খাতা ও সরকারেহাট-২ ব্রাঞ্চে শিশুদের ৩য় থেকে ৫মি শ্রেণী এবং ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণী পর্যন্ত শিক্ষা কার্যক্রম সফলভাবে পরিচালিত হচ্ছে। | ক) ঋণ গ্রহণকারী সদস্যদের অর্থনৈতিক উন্নয়ন নিশ্চিত করতে ঋণের সঠিক ব্যবহার পর্যবেক্ষণ এবং আদায়ের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) এ জেলার চরাঞ্চল ও অবহেলিত এলাকার দরিদ্র জনগোষ্ঠীর দোড়গোড়ায় স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে এই কার্যক্রমের আওতা বৃদ্ধি এবং স্বাস্থ্য সেবা কর্মীদের তদারকি ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br><br>গ) ঝরে পড়া রোধ ও শিক্ষার গুণগত মান নিশ্চিত করতে কেন্দ্রগুলোর শিক্ষা উপকরণ সরবরাহ, নিয়মিত পরিদর্শনের মাধ্যমে শিক্ষাদানের মান ধরে রাখা এবং ভবিষ্যৎ শিক্ষাবর্ষে কেন্দ্রসংখ্যা সম্প্রসারণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয়। | জেলা ম্যানেজার, আশা, লালমনিরহাট |

| | | | | |
|---|---|---|---|---|
| (১০) | টিআইবি, লালমনিরহাট | এরিয়া কোঅর্ডিনেটর, টিআইবি, লালমনিরহাট সভায় জানান যে, জুন/২০২৬ মাসে মোগলহাট উপ-স্বাস্থ্য কেন্দ্র কর্তৃপক্ষের সাতে অ্যাডভোকেসি সভা, কমিউনিটি অ্যাকশন সভা, প্রতিষ্ঠান ভিত্তিক সমস্যা চিহ্নিত বিষয়ক কমিউনিটি মনিটরিং, বিশ্ব পরিবেশ দিবস পালন, বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ দিবস পালন, তথ্য অধিকার আইন ২০০৯ বিষয়ক ক্যাম্পইন, তরুণ স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান প্রতিনিধিদের সাথে টেকসেই উন্নয়ন ও প্রাতিষ্ঠানিক সুশাসন তরুণ স্বেচ্ছাসেবী সংগঠকদের করণীয় শীর্ষক কর্মশালা এবং সনাক,ইয়েস ও এসিজি সদস্যদের মাসিক সভাসহ দুর্নীতিবিরোধী অভিজ্ঞতা বিনিময় সভা বাস্তবায়ন করা হয়েছে। | সরকারি সেবা দানকারী প্রতিষ্ঠানগুলোর স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ, তরুণ সমাজকে সুশাসন প্রক্রিয়ায় যুক্ত রাখা এবং তথ্য অধিকার আইনের সঠিক ব্যবহারে উৎসাহ দিতে ভবিষ্যতে এ ধরনের নাগরিক সম্পৃক্ততামূলক ও সচেতনতামূলক কার্যক্রম অব্যাহত রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী পরিচালক, টিআইবি, লালমনিরহাট |
| (১১) | এডাব, লালমনিরহাট | সম-নাগরিকত্ব সেমিনার: জুন/২০২৬ মাসে সকল নাগরিকের সমান অধিকার যাতে নিশ্চিত হয় এ জন্য ১৫/০৬/২০২৬ একটি একটি সেমিনার আয়োজিত হয়। | তৃণমূল পর্যায়ে সার্বিক নাগরিক অধিকার সম্পর্কে সচেতনতা বাড়াতে এ ধরনের প্রাতিষ্ঠানিক সেমিনার ও মুক্ত আলোচনা কার্যক্রম অব্যাহত রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সমন্বয়কারী, এডাব, লালমনিরহাট |

ক). ঋণ প্রদান ও সঞ্চয় কর্মসূচী:

| | | | | |
|---|---|---|---|---|
| (১২) | পপি, লালমনিরহাট | **ক). বিডি-ওয়াশ প্রকল্প (স্যানিটেশন ও নিরাপদ পানি ঋণ) :**<br>কমিউনিটি পর্যায়ে নিরাপদ স্যানিটেশন ও বিশুদ্ধ পানির সুবিধা সম্প্রসারণে এই প্রকল্পের আওতায় বিশেষ ঋণ সহায়তা প্রদান করা হচ্ছে। জুন ২০২৬ মাসে মোট ৮৩ জন সদস্যের মাঝে ২৯,০২,০০০ টাকা স্যানিটেশন ঋণ এবং ১৬৭ জন সদস্যের মাঝে ৮৪,৪৭,০০০ টাকা ওয়াটার বা পানি ঋণ বিতরণ করা হয়েছে। ২০১৮ সালের নভেম্বর থেকে শুরু হওয়া এই কর্মসূচির মাধ্যমে এ পর্যন্ত হাতীবান্ধা রিজিওনে সর্বমোট ৩,২১৫ জনকে স্যানিটেশন ঋণ এবং ৭৬০ জন সদস্যকে ওয়াটার ঋণ সুবিধা প্রদান করা সম্ভব হয়েছে।<br><br>**খ). বিসিসি ক্যাম্পেইন (স্বাস্থ্য ও পরিচ্ছন্নতা সচেতনতা) :**<br>তৃণমূল পর্যায়ে সাধারণ মানুষের স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি ও আচরণগত পরিবর্তনের লক্ষ্যে এই ক্যাম্পেইনটি নিয়মিত পরিচালনা করা হচ্ছে। মে মাসে এই কর্মসূচির অধীনে নিরাপদ পানি ব্যবহার, উন্নত ও নিরাপদ স্যানিটেশন, সঠিক নিয়মে হাত ধোয়া, বেবি ওয়াশ এবং ব্যক্তিগত হাইজিন বা স্বাস্থ্যবিধি সংক্রান্ত বিষয়ে বিভিন্ন সমিতি পর্যায়ে মোট ১২ টি সচেতনতামূলক আলোচনা সভা সফলভাবে সম্পন্ন হয়েছে। ২০১৮ সাল থেকে চলমান এই প্রকল্পের আওতায় এ পর্যন্ত সর্বমোট ১,৯৬৯টি সচেতনতামূলক ক্যাম্পেইন বা আলোচনা সভা সফলভাবে সম্পন্ন করা হয়েছে। | ক) নিরাপদ পানি ও উন্নত স্যানিটেশন সুবিধা বঞ্চিত পরিবারগুলোর মাঝে ঋণের সঠিক ব্যবহার নিশ্চিতকরণ, নিয়মিত তদারকি এবং হাতীবান্ধা রিজিওনে ঋণ কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>খ) জনস্বাস্থ্যের সার্বিক মানোন্নয়ন এবং রোগব্যাধি প্রতিরোধে তৃণমূল পর্যায়ে আচরণগত ইতিবাচক পরিবর্তন আনতে এ ধরনের বিসিসি ক্যাম্পেইন ও সচেতনতামূলক সভা নিয়মিত আয়োজন করতে হবে। | কর্মসূচি ব্যবস্থাপক, পপি, লালমনিরহাট |

| | | | | |
|---|---|---|---|---|
| (১৩) | মায়ের তরী, লালমনিরহাট | **লোকসংগীত চর্চার মাধ্যমে শিশুদের আত্মশুদ্ধি ও জীবন বৃদ্ধি প্রকল্প:**<br>"মায়ের তরী" লালমনিরহাট ও কুড়িগ্রাম জেলায় লুপ্তপ্রায় লোকসংগীত ও লোক বাদ্যযন্ত্র শিক্ষা, সংরক্ষণ এবং প্রচারে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। জুন ২০২৬ মাসে মোট ৯টি গুরুগৃহে ৪৯৫ জন, ২টি লোক বাদ্যযন্ত্র কেন্দ্রে ১২০ জন এবং ১টি তরীর ক্লাসে ১৫ জনসহ সর্বমোট ৬৩০ জন শিক্ষার্থীকে সম্পূর্ণ বিনামূল্যে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এর মধ্যে গত মাসের সিদ্ধান্ত অনুযায়ী হাতীবান্ধা উপজেলার পশ্চিম দোলাপাড়া নওদাবাস গ্রামে 'স্মৃতিলয় গুরুগৃহে' নতুন একটি বাদ্যযন্ত্র প্রশিক্ষণ কেন্দ্র চালু করা হয়েছে, যেখানে নতুন ১৫ জন শিক্ষার্থী দোতারা ও বাঁশি শেখা শুরু করেছে। এছাড়া, গত ২২ মার্চ নরওয়ে থেকে আগত সংস্থার প্রতিষ্ঠাতা, লেখক ও লালন গবেষক "মা" উয়েরা সেথের বাংলাদেশে আসেন এবং মে মাসের ১২ তারিখ পর্যন্ত মাঠপর্যায়ের সকল কার্যক্রম নিবিড়ভাবে পরিদর্শন করে আগামী দিনের জন্য মূল্যবান দিক-নির্দেশনা প্রদান করেন। | নতুন চালু হওয়া 'স্মৃতিলয় গুরুগৃহ'-এর প্রশিক্ষণ কার্যক্রম নিয়মিত তদারকিসহ নরওয়ে থেকে আগত প্রতিষ্ঠাতার মূল্যবান দিক-নির্দেশনা অনুযায়ী আগামী দিনের কর্মপরিকল্পনা দ্রুত বাস্তবায়ন এবং লালমনিরহাট ও কুড়িগ্রামের প্রান্তিক এলাকায় লোকসংগীত ও বাদ্যযন্ত্রের প্রচার বৃদ্ধি করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী পরিচালক, মায়ের তরী, লালমনিরহাট |
| (১৪) | গণউন্নয়ন কেন্দ্র (GUK), লালমনিরহাট | **ক). সিআরএজি (CRAG) ও স্বনির্ভর দলের মাসিক সভা:**<br>২০২৬ সালের জুন মাসে হাতীবান্ধা উপজেলার ১১টি ইউনিয়নের ১৫টি কমিউনিটি রেজিলিয়েন্স অ্যাকশন গ্রুপ (CRAG) তাদের মাসিক সভা অনুষ্ঠিত হয়। এসব সভায় ২৪৪ জন সদস্য অংশগ্রহণ করেন, যার মধ্যে ১২২ জন নারী, ১২২ জন পুরুষ এবং ১৫ জন প্রতিবন্ধী ব্যক্তি ছিলেন। সভায় বন্যার আগাম প্রস্তুতি ও ইউনিয়ন পরিষদের সাথে সমন্বয় করে নিচু ও চরাঞ্চলে বসবাসরত পরিবারের মাঝে বন্যার আগাম বার্তা পৌছানোর সিদ্ধান্ত হয়।<br>**খ). পুরাতন ক্র্যাগের রিফ্রেসার্স প্রশিক্ষণ:**<br>২০২৬ সালের জুন মাসে প্রকল্প কর্মীদের সহায়তায় ইয়ুথ গ্রুপের মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় ১০ জন ছাত্র ও ০৭জন ছাত্রী উপস্থিত ছিলেন। জলবায়ু সহনশীলতায় স্কুল কলেজ ও কমিউনিটি পর্যায়ে সচেতনতা বৃদ্ধিতে এই গ্রুপ কাজ করবেন<br>**গ). ইউনিয়ন পর্যায়ে রিস্ক রিডাকশন এ্যাকশন প্লান তৈরি:**<br>**২০২৬ সালের জুন মাসে প্রকল্প কর্মীদের সহায়তায় হাতীবান্ধা উপজেলার (ডাউয়াবাড়ী,পাটিকাপাড়া,সিন্দূর্না,সিংগীমারী,গড্ডিমারী, সানিয়াজান, ফকিরপাড়া,বড়খাতা, টংভাঙ্গা, গোতামারী ও ভেলাগুড়ি) ১১টি ইউনিয়নে ঝুঁকি নিরূপন কর্মপরিকল্পনা তৈরি করা হয়। প্রতিটি ইউনিয়নে ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির ৭৩ জন নারী ৫৫ জন পুরুষ মোট ১২৮ জন সদস্য উপস্থিত ছিলেন তার মধ্যে ৭ জন প্রতিবন্ধীব্যক্তি।**<br>ঘ. স্বনির্ভর দলের মাসিক সভা:<br>**২০২৬ সালের জুন মাসে ১৩ জন কমিউনিটি ভলান্টিয়ারের সহায়তায় হাতীবান্ধা উপজেলার ১৫টি কমিউনিটিতে স্বনির্ভর দলের মোট ১১৭টি মাসিক সভা অনুষ্ঠিত হয়। এসব সভায় ২০১৬ জন সদস্য অংশগ্রহণ করেন, যার মধ্যে ২,০১০জন নারী, ০৬ জন পুরুষ এবং ১০ জন প্রতিবন্ধী নারী ছিলেন। সভায় বন্যা ও জলবায়ু ঝুঁকি নিরসনে বন্যা, তাপপ্রবাহ, বজ্রপাতের ক্ষতি ও মাটির ক্ষয়রোধ এবং পরিবেশের ভারসাম্য রক্ষায় বৃক্ষরোপন বিষয়ে আলোচনা করা হয়।**<br>ঙ. কমিউনিটি ভলান্টিয়ারদের ওরিয়েন্টেশন:<br>**মাঠ পর্যায়ে সচেতনতা বৃদ্ধির জন্য ১৩ জন কমিউনিটি ভলান্টিয়ারকে ওরিয়েন্টেশন করানো হয় ০১ জন পুরুষ ও ১২ জন নারী উপস্থিত ছিলেন। উক্ত ওরিয়েন্টেশনে খোলা কম্পোস্ট ও পিট কম্পোষ্ট তৈরি নিয়ে আলোচনা করা হয় ।আলোচনা করেন উপজেলা কৃষি সম্প্রসারন অফিসের উপ সহকারী কৃষি কর্মকর্তা** | ক) বন্যা কবলিত এলাকাগুলোর ক্ষতিগ্রস্ত ও পানিবন্দী পরিবারের কষ্ট লাঘবে জরুরী ভিত্তিতে নিরাপদ সুপেয় পানি, শুকনা খাবার এবং প্রয়োজনীয় অন্যান্য জীবনরক্ষাকারী সামগ্রী দ্রুততম সময়ের মধ্যে পৌছানোর সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>খ) জলবায়ু সহনশীলতা অর্জনে স্থানীয় স্কুল, কলেজ এবং কমিউনিটি পর্যায়ে সাধারণ জনগোষ্ঠীর মাঝে সচেতনতা বৃদ্ধিতে ইয়ুথ গ্রুপকে সক্রিয়ভাবে সম্পৃক্ত রাখার সিদ্ধান্ত নেওয়া হয়। | গণউন্নয়ন কেন্দ্র (GUK), লালমনিরহাট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | **জনাব মো: গোলাম রব্বানী।**<br>চ. এ্যাওয়ারনেস রেইজিং স্কুল স্টুডেন্ট:<br>1. আলহাজ শামসের উদ্দিন উচ্চ বিদ্যালয়<br>2. মতিয়ান নেছা বালিকা উচ্চ বিদ্যালয়<br>3. গড্ডিমারী বি.এল. উচ্চ বিদ্যালয়<br>4. বিচনদই আজিজুর রহমান উচ্চ বিদ্যালয়<br>5. পারুলিয়া তপশিলী উচ্চ বিদ্যালয়<br>6. দোয়ানী উচ্চ বিদ্যালয়<br>7. শাহ গরিবুল্লাহ উচ্চ বিদ্যালয়<br>8. হাতীবান্ধা শহর উদ্দিন সরকারি উচ্চ বিদ্যালয়<br>9. সিন্দুর্না লোকমান হোসেন উচ্চ বিদ্যালয়<br>10. আলহাজ গহের আলী উচ্চ বিদ্যালয়<br>প্রতিটি স্কুলে ৫ জন করে শিক্ষককে উপদেষ্টা করে ও ১৫ জন করে ছাত্র/ছাত্রী নিয়ে ১টি করে কার্যকরী কমিটি গঠনের মাধ্যমে জলবায়ু সহনশীলতায় ছাত্র/ছাত্রীদের সচেতন করার জন্য ১০টি স্কুলে ১০টি ক্লাব গঠন করা হয়।<br>ছ. দিবস উদযাপন: ৫ জুন ২০২৬ বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে হাতীবান্ধা উপজেলার সিন্দুর্ণা ইউনিয়নে বৃক্ষরোপন ও ৫০ পরিবারের মাঝে ৩টি করে ১৫০টি উন্নত জাতের আমের চারা বিতরণ করা হয়।<br>জ. সরকারি স্বাস্থ্য কর্মীদের প্রশিক্ষণ: ৪টি ব্যাচে ১০৮ জন সরকারি স্বাস্থ্য কর্মীদের জলবায়ু সহনশীলতায় স্বাস্থ্যসেবা ও মোবাইল ফোনের মাধ্যমে দুর্যোগের আগাম বার্তা কিভাবে পেতে পারেন সে বিষয়ে প্রশিক্ষন অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ পরিচালনা করেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জনাব ডা: শরিফুল ইসলাম ও পরিবার পরিকল্পনা অফিসার ডাঃ খুরশিদ ইসলাম।<br>ঝ. ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির মাসিক সভা: দুর্যোগের পুর্ব প্রস্তুতি নিতে সানিয়াজান, গড্ডিমারী, সিংগীমারী, সিন্দুর্ণা, পাটিকাপাড়া ও ডাউয়াবাগি ইউনিয়নে ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় ৬টি ইউনিয়নের ১০২জন পুরুষ ও ২৭জন নারী ৪ জন প্রতিবন্ধিব্যাক্তি সহ ১২৯ জন উপস্থিত ছিলেন।<br>ঞ. ইউনিয়ন পরিষদের উন্মুক্ত বাজেট: হাতীবান্ধা উপজেলার ডাউয়াবাড়ি, টংভাঙ্গা,ফকিরপাড়া ও গোতামারী ৪টি ইউনিয়নে পরিষদের উন্মুক্ত বাজেট অনুষ্ঠানের উদ্বোধনীতে টংভাঙ্গা ইউনিয়নে উপস্থিত ছিলেন হাতীবান্ধা উপজেলা নির্বাহী অফিসার জনাব দীপ জন মিত্র।<br>ট. Livelyhood Microfinance Program / ক্ষুদ্র ঋণ কার্যক্রম:<br>বিতরণকৃত ঋণের খাতসমূহ:<br>১.কৃষিখাত: ১৪ জন, ২৯৩১০০০ /- টাকা।<br>২.ব্যবসা (মুদিদোকান/ হোটেল/কাপড়-জুতার দোকান, গাভীপালন/গরু মোটাতাজাকরণ,বাড়ি নির্মাণ ইত্যাদি। | গ) ভলান্টিয়ারদের মাধ্যমে প্রান্তিক কৃষক পরিবারগুলোর মাঝে পরিবেশবান্ধব ও জৈব সার (কম্পোস্ট) তৈরির পদ্ধতি ছড়িয়ে দেওয়ার উদ্যোগ অব্যাহত রাখতে হবে।<br><br>ঘ) বিতরণকৃত চারাগুলোর সঠিকভাবে রোপণ ও পরিচর্যা নিশ্চিত করতে সংশ্লিষ্ট পরিবারগুলোকে প্রয়োজনীয় তদারকি ও সহায়তা প্রদান অব্যাহত রাখতে হবে।<br><br>ঙ) ঋণগ্রহীতারা যাতে বরাদ্দকৃত অর্থ সঠিক ও লাভজনক উৎপাদনশীল খাতে ব্যবহার করতে পারেন, তা নিশ্চিতকল্পে মাঠপর্যায়ে পরিদর্শনের মাধ্যমে নিয়মিত মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | |
| (১৫) | ফিডা, লালমনিরহাট | **SHIFT Champaign**: SHIFT Champaign সোচ্চার প্রকল্পের আওতায় বিভাগীয় পর্যায়ে যুব সচেতনতা কার্যক্রম 'SHIFT Champaign' সম্পন্ন হয়েছে। নিয়মিত মনিটরিং ও ফলোআপের মাধ্যমে তাদের কাজের অগ্রগতি পর্যবেক্ষণ করা প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। | যুবদের দক্ষতাবৃদ্ধি এবং তাদের চলমান উদ্যোগগুলোর সার্বিক সফলতা নিশ্চিত করতে নিয়মিত ফলোআপ, ফিল্ড মনিটরিং এবং প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান অব্যাহত রাখতে হবে। | নির্বাহী পরিচালক, ফিডা,লালমনিরহাট |
| (১৬) | বিবিধ | জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত প্রতিটি মাসিক এনজিও সমন্বয় সভায় এনজিও দপ্তর প্রধানগণের উপস্থিত থকার বিষয়ে সভায় আলোচনা হয়। নতুন কোনো প্রকল্প বাস্তবায়নের পূর্বে সংশ্লিষ্ট এনজিওকে লিখিতভাবে জেলা প্রশাসন/উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট সরকারি দপ্তরকে প্রকল্পের উদ্দেশ্যে, পরিকল্পনা, সময়সীমা, আর্থিক উৎস ও সম্ভাব্য কার্যক্রম-ব্যয়ের পূর্ণাঙ্গ তথ্যসহ অবহিত করতে হবে মর্মে সভায় আলোচনা হয়। এছাড়া এনজিও গুলোকে তাদের সামাজিক কার্যক্রম পরিচালনার সময় সংশ্লিষ্ট সরকারি দপ্তর (যেমন শিক্ষা, স্বাস্থ্য ও সমাজসেবা ইত্যাদি)'কে উপযুক্তভাবে অবহিত করবেন এবং আইনি ও প্রশাসনিক নিয়মকানুন মেনে চলবেন। | ক) জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত প্রতিটি মাসিক এনজিও সমন্বয় সভায় এনজিও দপ্তর প্রধানগণের উপস্থিত থাকতে হবে।<br><br>খ) এনজিও বিষয়ক ব্যুরো বাংলাদেশ এর শর্তাদি মেনে এনজিও কার্যক্রম পরিচালনা করতে হবে। | সকল এনজিও সংস্থা, লালমনিরহাট |


০৯-০৮-২০২৬
মুহঃ রাশেদুল হক প্রধান
জেলা প্রশাসক

তারিখ: ২৫ শ্রাবণ ১৪৩৩ / ০৯ আগস্ট ২০২৬

**নম্বর:** ০৫.৪৭.৫২০০.০০০.০১৭.০২.০০০১.২৬.২৫

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সচিবের দপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়।
২। কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।
৩। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, সমাজসেবা অধিদফতর।
৪। মহাপরিচালক(সচিব), মহাপরিচালক মহোদয়ের শাখা, এনজিও বিষয়ক ব্যুরো।



১১-০৮-২০২৬
মোঃ রাসেল মিয়া
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)